

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
(স্থানীয় সরকার শাখা)
www.meherpur.gov.bd

স্মারক নং: ০৫.৪৪.৫৭০০.০০৮.১৮.০১২.২৩-৫৪০

তারিখ: ২৯ কার্তিক ১৪৩০
১৪ নভেম্বর ২০২৩

"দরপত্র বিজ্ঞপ্তি"

মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতিকেন্দ্রের গাড়ি পার্কিং এর স্থান ও তৎসংলগ্ন ফলকর শুমাত্র ০১(এক) ফলকর মৌসুম, ০১.০১.২০২৪ হতে ৩১.১২.২০২৪ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে প্রকৃত আগ্রহী ব্যবসায়ী/ ইজারাদারদের নিকট হতে সীলমোহরযুক্ত খামে নিম্নরূপ তারিখসমূহে দরপত্র আহবান করা যাচ্ছে। বিজ্ঞপ্তি প্রচারের দিন হতে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন দরপত্র বিক্রয় করা হবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না।

১	দরপত্র আহবানকারী দপ্তরের নাম	জেলাপ্রশাসকের কার্যালয়, মেহেরপুর
২	প্রকিউরমেন্ট মেঞ্চড	(উন্মুক্ত দরপত্র) OTM
৩	দরপত্রের উৎস	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৪	দরপত্রের নাম	মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতিকেন্দ্রের গাড়ি পার্কিং এর স্থান ও পিকনিক কর্নারের ফলকর ইজারা
৫	দরপত্র বিক্রয়ের স্থান	(ক) জেলাপ্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), মেহেরপুর (খ) পুলিশ সুপারের কার্যালয়, মেহেরপুর (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুজিবনগর
৬	দরপত্রের মূল্য	৩,০০০/- (তিন হাজার) টাকা (অফেরতযোগ্য)
৭	দরপত্র দাখিলের স্থান ও সময়	(ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) মেহেরপুর (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুজিবনগর মেহেরপুর বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত (একই দিন বেলা ০৩:০০ ঘটিকার সময় (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব উপপরিচালক, স্থানীয় সরকার, মেহেরপুর এর অফিস কক্ষে খোলা হবে)

দরপত্র দাখিলের তারিখসমূহ

(১ম তারিখে প্রাপ্ত দরপত্র বিবেচিত হলে পরবর্তী তারিখগুলো প্রযোজ্য হবে না)।

১ম তারিখ	২য় তারিখ	৩য় তারিখ	৪র্থ তারিখ
০৪.১২.২০২৩	১০.১২.২০২৩	১৭.১২.২০২৩	২১.১২.২০২৩

শর্তাবলি

- ০১। দরপত্র দাতাকে দরপত্রের সাথে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জেলাপ্রশাসক, মেহেরপুর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত অর্থ হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ১০% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে।
- ০২। কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র গৃহীত হবার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৮০% (শতকরা আশি ভাগ) অর্থ এবং দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে।
- ০৩। খামের উপর দরদাতার নাম, ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ০৪। সমুদয় ইজারার মূল্য (জামানত, ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ০৫। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
- ০৬। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি করা, ওভাররাইটিং বা অসম্পূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৭। সরকারি পাওনা/দাবি আদায় আইন, ১৯১৩ (পিডিআর এ্যাক্ট) অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে বকেয়া ইজারার অর্থ আদায় করা যাবে।
- ০৮। ইজারার সমুদয় টাকা একই সঙ্গে পরিশোধ করতে হবে। কিস্তিতে বা আংশিক পরিশোধ করা যাবে না।
- ০৯। দরপত্র দাতাকে অবশ্যই দরপত্রের উল্লিখিত শর্তসমূহ ও সরকারের বিভিন্ন সময়ে অর্পিত শর্তাবলি প্রতিপালন করতে হবে।
- ১০। দরপত্র দাতাকে ২০২২-২০২৩ অর্থ বছরের আয়কর পরিশোধের সনদ পত্রের সত্যায়িত কপি (টিআইএন নম্বরসহ) এবং আয়কর পরিশোধের ট্রেজারি চালানের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ১১। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে)

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, খুলনা
- ০৩। পুলিশ সুপার, মেহেরপুর
- ০৪। সিভিল সার্জন, মেহেরপুর
- ০৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/এলজিইডি/জনস্বাস্থ্য বিভাগ, মেহেরপুর
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর, মেহেরপুর
- ০৭। সহকারী কমিশনার, জেলা প্রশাসকের গোপনীয় শাখা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা (দরপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৯। মেহেরপুর

(মোঃ শামীম হাসান)

জেলাপ্রশাসক
মেহেরপুর

ফোন: ০২-৪৭৭৭৯২৩০১ (অফিস)
ই মেইল: dcmeherpur@mopa.gov.bd